১. পরিবার গঠন	মদিনা রাষ্ট্রের মুসলমানদের পরিবার গঠনের মূল ভিত্তি ছিল লোকমান হাকীম এর সেই ঐতিহাসিক উপদেশ। লোকমান হাকীম তাঁর সন্তানকে উপদেশ ছলে বলে ছেন আল্লাহর সাথে কাউকে শরিক করো না। বিপদ-আপদে ধৈর্য ধারণ করো। চলাফেরায় নম্রতা অবলম্বন করো। কণ্ঠস্বর নিচু করো এবং সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ করো। যখন একটি পরিবার নিজ শিশুকে লোকমান হাকীম-এর মতো শিক্ষা দিবে তখন সেই শিশু হবে অহংকারমুক্ত, নম্র ও চরিত্রবান।	বর্তমানে অধিকাংশ মুসলমান পরিবার গঠন করে খ্রিষ্টানদের পরিবার কাঠামোর উপর ভিত্তি করে। খ্রিষ্টানরা পরিবারের সদস্যদেরকে প্রথমে কোন ধর্মীয় শিক্ষা দেয় না। খ্রিষ্টানরা শুরু থেকে ক্যারিয়ার ও বিলাসিতাকে সফলতার চূড়ান্ত লক্ষ্য হিসেবে নির্ধারণ করে। পৃথিবীর সফলতার জন্য নারীরা যখন অল্প বেতনে চাকরি করে তখন মা হিসেবে নারীর দায়িত্ব কমে যায়। দায়িত্বহীন পরিবারের সদস্যরা দ্রুত বেপর্দা ও যিনার কাজে লিপ্ত সেলিব্রিটিদের অনুসারী হয়ে যায়।
২. পারিবারিক শিক্ষা	হে মুসলমান! তোমরা নিজেদেরকে এবং নিজ পরিবার-পরিজনকে রক্ষা করো সেই আগুন থেকে, যার জ্বালানি হবে মানুষ ও পাথর। মুসলমানদের স্বর্ণযুগে প্রতিটি পরিবার তার সন্তানদের শেখাত বড়দের সম্মান করা, ছোটদের স্নেহ করা, কীভাবে খাবে, কীভাবে দাঁড়াবে এবং মেহমান আসলে কীভাবে কথা বলবে। পরিবারের প্রত্যেক পিতা একেকজন দায়িত্বশীল এবং প্রত্যেককেই আল্লাহ তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করবেন। প্রতিটি পিতা তার সন্তানকে উত্তম আদব শিক্ষা ছাড়া আর কিছু দিতে পারে না।	পশু যেমন পশুর জন্য নিয়ম ও শৃঙ্খলা ঠিক করতে পারে না, ঠিক তেমনি মানুষ মানুষের জন্য নিয়ম ও শৃঙ্খলা ঠিক করতে পারে না। মানুষ হিসেবে আমার কাছে যেটা নিয়ম, অন্যের কাছে সেটা অনিয়ম। পৃথিবীতে ইহুদী-খ্রিষ্টানরা নিজেদের জন্য আদব-কায়দার নিয়ম ঠিক করে। যার ফলে খ্রিষ্টান আদর্শের পরিবারে জন্মের পরে আদব-কায়দা হিসেবে নাচ-গান আর সামাজিক উৎসব হিসেবে সমাজে অশ্লীলতা শিক্ষা দেয়। ফলে সন্তানরা বড় হয়ে পিতা-মাতার অবাধ্য হয়ে প্রত্যেক পাপাচারী ব্যক্তির পূজা করে।
৩. পারিবারিক চর্চা	রাসূল (সা.)-এর সুন্নাহসমূহ মুসলমানরা পারিবারিক ভাবে চর্চা করে। যেমন—দাড়ি রাখা, সাহাবাদের ন্যায় শালীন পোশাক পরা, দস্তরখানায় খাওয়া, ঘরে প্রবেশের সময় সালাম দেওয়া, পর্দার আইন মেনে চলাসহ ইসলামের প্রতিটি ফরজ আইনের চর্চা করে। ইসলাম অভিভাবককে শুধু শাসক হিসেবে দেখে না, বরং আদর্শ চর্চা করে পরিবারকে ভালোবাসার বন্ধনে আবদ্ধ রাখার মাধ্যম মনে করে।	পতিতাবৃত্তি এই কাজটি প্রাচীনকাল থেকে চলে আসছে। যার কারণে ইসলামের আইনে এই কাজের শাস্তি রাখা হয়েছে। যে জাতির মধ্যে আদর্শের কোন মাপকাঠি নেই, সেই জাতি ইবলিশকে আদর্শ হিসেবে গ্রহণ করে। ইবলিশের আদর্শ হলো সমাজে পতিতাবৃত্তি ছড়িয়ে দেওয়া। স্বাধীনতার নাম দিয়ে পতিতাবৃত্তি সমাজে ছড়িয়ে পড়ার কারণে নারীরা গরমের দোহাই দিয়ে পতিতাদের মতো ওড়না ছাড়া পোশাক পরে।
৪. পারিবারিক অভ্যাস	ইসলামের কিছু কার্যক্রম রাষ্ট্রীয় আইন করে শেখানো যায় না। এই সকল কার্যক্রম হলো পারিবারিক অভ্যাসের বিষয়। ইসলাম পারিবারিক অভ্যাসের ব্যাপারে মুসলমানদের জন্য কিছু দিকনির্দেশনা দিয়েছে। যেমন— তিন সময় শয়নকক্ষে প্রবেশের জন্য অনুমতি নেওয়া, শৃঙ্খলা বজায় রাখতে পুরুষের অভিভাবকত্বে পরিবার গঠন, প্রতিবেশীর হক সম্পর্কে সচেতন থাকা, পরিবারের ছোটখাটো ভুল ও দোষ গোপন রাখা, হালাল-হারাম সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং সচ্ছল ও অসচ্ছল উভয় অবস্থায় দান করা।	বাংলাদেশে পরিবার পরিকল্পনা নামে একটি মন্ত্রণালয় আছে যার কাজ হলো কীভাবে ইসলামিক অভ্যাসগুলো মুসলমানদের পরিবার থেকে দূর করা যায় তা চিন্তা করা। এই মন্ত্রণালয়ের চিন্তার সহযোগী হিসেবে খ্রিষ্টান সংস্থাগুলো কাজ করে। যেমন— UNFPA, USAID, GAC, মেরি স্টোপস, Ipas, PSTC, ICDDRB, Jhpiego। খ্রিষ্টান এই সংস্থাগুলো অধিকাংশ নারীদের গর্ভপাত বিষয়ে কাজ করে। অর্থাৎ মানুষের দুর্বল বিষয়গুলোকে সামনে রেখে তারা মুসলমান পরিবারসমূহে প্রবেশ করে খ্রিষ্টান মতাদর্শ প্রবেশ করিয়ে দেয়।
৫. পারিবারিক পরিচয়	আল্লাহ নির্দেশ দিয়েছেন পালক পুত্রকে তার পিতার পরিচয়ে ডাকতে। আল্লাহর কাছে এটাই অধিক ন্যায়সঙ্গত। মুসলমানদের জন্য ফরজ বংশ পরিচয় রক্ষা করা। তাই কেউ সন্তান দত্তক নিলেও তার আসল বাবার নাম পরিবর্তন করা নিষিদ্ধ। এই আইন সন্তানকে একটি পরিচয় দেয়। এই পরিচয়ের মাধ্যমে ওই ব্যক্তি সুনির্দিষ্টভাবে ঠিক করতে পারে পরিবারে কার সাথে কার বিবাহ যায়েজ আর কার সাথে বিবাহ হারাম।	বর্তমানে খ্রিষ্টান দেশগুলোতে ভাড়াটে গর্ভাশয়ের মতো বিষয়গুলো বৈধ। বাংলাদেশেও কিছু সংখ্যক লোক গোপনে এই কাজ করে। ভাড়া করে গর্ভধারণ ও দত্তক নিয়ে পিতা-মাতার পরিচয় গোপন করা অনেক শিশু আছে যারা জানেই না তাদের আসল বাবা-মা কে। শিশুদের পরিচয় গোপনের ফলে ভবিষ্যতে হারাম ব্যক্তিদের সাথে বিয়ে হয়ে যাওয়ার মতো জেনেটিক বিপর্যয় ঘটতে পারে এবং পরিচয়হীনতা বাড়তে পারে।

পরিবারের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
৫. পারিবারিক নিয়ম	পরিবারের কর্তা যখন সামাজিক মর্যাদা রক্ষার্থে পরিবারের সদস্যদেরকে যে সকল নির্দেশ দেন, তখন তা পারিবারিক নিয়ম হয়ে যায়। মুসলমান পরিবারের কর্তাদের জন্য ইসলাম কিছু নিয়ম দিয়েছে। যেমন— নারীরা মাহরাম ব্যতীত সাজসজ্জা ও রূপ প্রকাশ করতে পারবে না, সাহাবাদের ন্যায় সকলে ঢিলেঢালা পোশাক পরিধান করবে, পর্দার মর্যাদা রক্ষার্থে নারীরা উচ্চস্বরে কথা বলবে না, বহিরাগত পুরুষরা নারীদের সাথে পর্দার আড়াল থেকে কথা বলবে, মোবাইল কম ব্যবহার করবে, মিথ্যা কথা বলবে না, এশার নামাজ শেষে ঘুমিয়ে যাবে, ফজরের সময় উঠে যাবে।	মুসলমানদের স্বর্ণযুগ থেকে চলে আসা ইসলামিক পারিবারিক নিয়মগুলো বর্তমান গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার কারণে সমাজ থেকে হারিয়ে যেতে বসেছে। যেমন— বাইরে বের হওয়ার সময় এখনকার নারীরা অধিক সাজসজ্জা করে বের হয়। তারা কাদেরকে দেখানোর জন্য নিজের রূপ প্রকাশ করে তা নারীরা নিজেরাও জানে না। সাহাবাদের ন্যায় ঢিলেঢালা পোশাক না পরে খ্রিষ্টানদের মতো শারীরিক কাঠামো দেখা যায় এমন পোশাক পরে। আর দেরিতে ঘুমানো এখন পারিবারিক নিয়ম। এভাবে চলতে থাকলে মুসলমানদের পরিবার সমূহ এক সময় খ্রিষ্টান পরিবারে পরিণত হয়ে যাবে।
৬. পারিবারিক আয়	মুসলমান পুরুষের নিকট নারী অনেক মূল্যবান। তাই মূল্যবান বস্তুকে মুসলমানরা অবহেলা করে না। মুসলমানদের স্বর্ণযুগে পুরুষ আয় করত, আর নারীরা তার পরিবার রক্ষা করত। পারিবারিক রক্ষণাবেক্ষণ করে নারী যদি হাতের কাজের পণ্য তৈরি করতে পারত, তখন ওই পণ্য পুরুষ বাজারে বিক্রয় করত; এতে পরিবার স্বাবলম্বী হতো। কিন্তু নারীর হাতে সরাসরি অর্থ আসত না। নারীর হাতে সরাসরি অর্থ না আসার কারণে নারীর চাহিদা ও স্বাধীনতার তেমন প্রয়োজন থাকত না। মুসলমানদের স্বর্ণযুগ থেকে এইভাবেই মুসলমানদের পুরুষতান্ত্রিক পরিবার গঠিত হতো।	বর্তমানে খ্রিষ্টানরা নারীদের আয়ের উৎস বানাচ্ছে। খ্রিষ্টানদের জাতিসংঘ নারীদের জন্য কাজের বিনিময়ে অর্থ প্রদান নামে কিছু প্রকল্প চালু করেছে, যার ফলে নারীরা সরাসরি অর্থ উপার্জনের নেশায় মত্ত হয়। এই নেশা নারীদেরকে গার্মেন্টসে কম বেতনে চাকরি করার প্রতি উৎসাহ জোগায়। নারীদের কম বেতনের শ্রম সরাসরি খ্রিষ্টান দেশসমূহের পোশাকের দাম কমায়। বাংলাদেশে নারীদের সরাসরি অর্থ উপার্জনের লালসা বৃদ্ধি করার জন্য ভিজিডি, স্বপ্ন, ব্র্যাক, গ্রামীণ ব্যাংক, শক্তি ফাউন্ডেশন, আশা, উই, জয়িতা ফাউন্ডেশন, হার পাওয়ার, আড়ং ও কারুপণ্য কাজ করে।
৭. পরিবার বিক্রয়	নব্বইয়ের দশকে কেউ যদি যিনা করত তাহলে তিন মাস পরে হলেও তা জনসমক্ষে চলে আসত। তখন যিনা করে গোপন রাখা ছিল কষ্টকর কারণ ওই সময়ে জন্মনিয়ন্ত্রণ ওষুধ ছিল না। ফলে সামাজিক সম্মান রক্ষার ভয়ে পরিবার থেকে পরপুরুষের সাথে দেখা করা কঠিনভাবে নিয়ন্ত্রণ করা হতো। কিন্তু যখন থেকে জন্মনিয়ন্ত্রণ উপকরণ সস্তা হয়েছে, তখন থেকে যিনা বৃদ্ধি পেতে শুরু করেছে। বর্তমানে গণহারে যিনা বন্ধে প্রয়োজন জন্মনিয়ন্ত্রণ পণ্য বিক্রয় আইন।	খ্রিষ্টানদের দৃষ্টিতে বাংলাদেশে জনসংখ্যা অধিক। যার কারণে পরিবারে সন্তান যাতে বেশি না হয় তার জন্য পিল, কনডম, ইনজেকশনকে দেশে স্বাভাবিক করা হয়েছে। কিন্তু যখন প্রতিটি দোকানে এই সব উপকরণ পাওয়া যায় তখন দেশে যিনার পরিমাণ ১০ থেকে ১০০ গুণ বেড়ে যায়। বর্তমানে এই সব উপকরণ স্বাভাবিক হওয়ার কারণে সমাজে যে কেউ যিনা করে পার পেয়ে যেতে পারে। আজ আমরা আমাদের ছেলে-মেয়েকে এই সকল উপকরণের কাছে বিক্রয় করে দিয়েছি।
৮. পারিবারিক পবিত্রতা	মুসলমানদের জন্য অন্যের ঘরে উঁকি দেওয়া ও বিনা অনুমতিতে প্রবেশ করা কঠোরভাবে নিষিদ্ধ। এমনকি ঘরের ভেতরের কথা বিশেষ করে স্বামী-স্ত্রীর গোপন কথা বাইরে বলা কবিরা গুনাহ। এই আইন পরিবারকে একটি পবিত্র দুর্গ হিসেবে গড়ে তোলে যেখানে পরিবারের সদস্যরা নিরাপদ বোধ মনে করে।	বর্তমান যুগে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে ব্যক্তিগত জীবনের প্রদর্শনী পরিবারকে একটি বাজারে পরিণত করেছে। মানুষ লাইক-ভিউ পাওয়ার জন্য নিজের বেডরুম পর্যন্ত ক্যামেরায় তুলে ধরছে। এর ফলে পরিবারের পবিত্রতা নষ্ট হচ্ছে এবং স্বামী-স্ত্রীর মধ্যে অবিশ্বাস ও পরকীয়া বাড়ছে।
৯. পারিবারিক প্রভাব	ইসলামমুখী পরিবার গঠন করলে নারীরা ঢিলেঢালা পোশাকের মাধ্যমে শালীনতা রক্ষা করে। নারীরা শালীন থাকলে সমাজ থেকে অশ্লীলতা দূর হয়ে যায়। অশ্লীলতা মুক্ত জীবন হয় বরকতময়। যেমন— এশার পর দ্রুত ঘুমানো এবং সকলে মিলে দস্তরখানায় খাওয়া। এই সকল আদর্শ ভাইয়ে ভাইয়ে মারামারি কমিয়ে দেয়, যা সামাজিক সম্মান ও আত্মমর্যাদা বৃদ্ধি করে। মুসলমান দের এই সামাজিক ও পারিবারিক বন্ধন কাফেরদের জন্য দাওয়াহ হিসেবে কাজ করে।	বর্তমানে মুসলমানরা বিলাসিতার পেছনে ছুটে তরুণ অধিক সময় পার করে ফেলে। তরুণ বয়সে বিবাহ না করার কারণে সমাজে যিনা বৃদ্ধি পায়। তরুণ বয়সে যিনা করার কারণে বৃদ্ধ বয়সে নারীদের সন্তান গ্রহণ করতে হয়। দেরি করে সন্তান গ্রহণ করার কারণে দেশে সিজার করার পরিমাণ বৃদ্ধি পায়। অধিক পরিমাণ সিজার হাসপাতালের আয় এবং পরবর্তী ওষুধের খরচ অনেক বাড়িয়ে দেয়। সিজার প্রক্রিয়া পরোক্ষভাবে বিলিয়ন ডলারের বাজার তৈরি করে।

মূল্যবোধ: ভালো-মন্দ ও সঠিক-ভুল সম্পর্কে সঠিক ধারণাকে মূল্যবোধ বলে। ভালোকে মন্দ বা মন্দকে ভালো করার জন্য মূল্যবোধকে ব্যবহার করা হয়। মূল্যবোধের পরিবর্তনের কারণে আজ মুসলমানরা সঠিক পথ পায় না। (আলে-ইমরান: ১১০)

মূল্যবোধের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
১. মূল্যবোধের ভিত্তি	রাসূল (সা.)-এর ওপর আল-কোরআন নাজিল হয়েছে। তিনি সেই অনুযায়ী সাহাবীদের প্রশিক্ষণ দিয়েছেন, যাতে পরবর্তীদের জন্য ঈমানের মানদণ্ড হয়। আল-কোরআন হলো মুসলমানদের ভালো-মন্দ ও সঠিক-ভুল নির্ণয়ের ভিত্তি। আল-কোরআন ভালো-মন্দকে স্পষ্টভাবে সংজ্ঞায়িত করেছে। আল-কোরআনের দৃষ্টিতে যা সত্য, তা কিয়ামত পর্যন্ত সত্য; আর যা হারাম, তা সব যুগেই হারাম। যেমন—আল্লাহর আইন প্রতিষ্ঠা করার জন্য মুসলমানদের জিহাদ করা ফরজ। মুসলমানদের জিহাদ কিয়ামত পর্যন্ত ফরজ থাকবে, ইহুদী-খ্রিষ্টানরা একে জঙ্গি বলুক আর যাই বলুক।	বর্তমানে ইহুদী-খ্রিষ্টানরা আল-কোরআনের বিপরীতে মন্দকে-ভালো এবং ভালোকে-মন্দ হিসেবে প্রতিষ্ঠিত করে। ইহুদী-খ্রিষ্টানরা ভালো-মন্দের অনুসরণ করে ইবলিশের অপকর্মের ওপর ভিত্তি করে। মুসলমান হলে আপনি দেখবেন আল-কোরআন ইবলিশের অপকর্ম বলে যে সকল বিষয় উল্লেখ করেছে, ইহুদী-খ্রিষ্টানরা ওই সকল অপকর্মকে আদর্শ হিসেবে গ্রহণ করেছে। যেমন—ইবলিশ চায় মানুষের মধ্যে যিনা, সমকামিতা, সুদ, বিবাহ বিচ্ছেদ ও অশ্লীলতার বিস্তার হোক। আপনি দেখবেন ইবলিশের এই চাওয়াকে ইহুদী-খ্রিষ্টানরা নিজেদের সামাজিক রীতি বানিয়ে নিয়েছে।
২. মূল্যবোধের ব্যবহার	মদিনা রাষ্ট্রের মুসলমানরা আল-কোরআনের আলোকে মূল্যবোধকে ব্যবহার করে মানুষের মন থেকে জাহেলি যুগের আইন-নিয়ম দূর করেছিলেন। আল-কোরআনের আলোকে ভালো-মন্দকে মানুষের মনে গেঁথে দিতে সাহাবায়ে কেরাম মূল্যবোধকে ব্যবহার করতেন। যেমন—জাহেলি যুগে মদ পান করা ছিল সামাজিক রীতি। আল্লাহ যখন মদ পান করা হারাম করেন, তখন সবাই মদ পান করাকে ঘৃণা করে। এখানে মানুষের মধ্যে প্রচলিত সামাজিক রীতিকে ঘৃণায় রূপান্তর করতে মূল্যবোধকে ব্যবহার করা হয়।	বর্তমানে ইবলিশের মূল্যবোধকে ব্যবহার করে ইহুদী-খ্রিষ্টানরা মানুষের মনে জাহেলি যুগের আইন-নিয়ম প্রবেশ করিয়ে দেয়। আজ ইবলিশের মূল্যবোধের কারণে মুসলমানরা আল-কোরআনের আলোকে ভালোকে ভালো, মন্দকে মন্দ বলে না। যেমন—আল্লাহর আইন বাদ দিয়ে মুসলমানরা যখন গণতন্ত্রের নাম দিয়ে ইহুদী-খ্রিষ্টানদের আইন মানে, তখন মুসলমান পরোক্ষভাবে আল্লাহর আইনকে অস্বীকার করে ইবলিশের আইন কবুল করে নেয়। কারণ গণতন্ত্রের নিয়মই ইবলিশের আদর্শ।
৩. মূল্যবোধের রাজনীতি	আল্লাহর সকল নাম সুন্দর। আল্লাহর সাথে সম্পর্ক বৃদ্ধি করার জন্য মুসলমানরা ইসলামিক নামগুলো ব্যবহার করে। ইসলামিক নামের ফলে মুসলমানদের কথাবার্তায় আল্লাহর স্মরণ ফুটে ওঠে। কিন্তু মুসলমানদের চিন্তায় আঘাত করার জন্য খ্রিষ্টানরা ইসলামের অনেক পবিত্র শব্দকে সাধারণ মানুষের কাছে আতঙ্কের বিষয়ে পরিণত করে। যেমন— শরিয়া, জিহাদ, খিলাফত। খ্রিষ্টানদের আতঙ্কের চক্রান্তের ফলে আজ মুসলমানরা নিজেদের শব্দগুলো বলতে ভয় পায়।	মুসলমানদের শব্দগুলোকে খ্রিষ্টানরা যেমন আতঙ্কের শব্দ বানিয়েছে তার জন্য মুসলমানদের উচিত তাদের কিছু শব্দকে অপমানিত করা। খ্রিষ্টানদের শব্দগুলো অপমানিত হলে মুসলমানদের মধ্যে মুনাফিকদের অহংকার কমবে এবং ইহুদী-খ্রিষ্টানরা উপযুক্ত শিক্ষা পাবে। যেমন—মুসলমানরা যারা জুতা সেলাই করে তাদেরকে স্যার বলবে; যারা সুইপার তাদেরকে জজ বলবে এবং যারা দুর্নীতিবাজ তাদেরকে সভাপতি বল বে। এই শব্দগুলো খ্রিষ্টান দালালদের রাগান্বিত করবে।
৪. মূল্যবোধের স্বাধীনতা	রাসূল (সা.)-এর সময়ে মুসলমানরা স্বাধীনতা বলতে বুঝত মানুষের আইন বাদ দিয়ে আল্লাহর আইন মান্য করা। মদিনা রাষ্ট্রের মুসলমানরা নাচ, গান, যিনা, মদ, সুদ ও অশ্লীলতাকে অনেক ঘৃণা করত। ঘৃণার মাত্রা এত বেশি ছিল যে, যে ব্যক্তি এই কাজ করত তাকে শাস্তি দেওয়া হতো। যার প্রভাব বাংলার মুসলমানরা নব্বইয়ের দশকেও দেখেছে। যেমন—নব্বইয়ের দশকে কোন ব্যক্তি সুদ খেলে তাকে সকল মুসলমান ঘৃণা করত এবং বিবাহ ব্যতীত ছেলে-মেয়ের অবাধ মেলা মেশা তো দূরের কথা, জনসম্মুখে একসাথে হাঁটাকেও যিনা মনে করা হতো। এই সকল অশ্লীল কাজকে মুসলমানরা হারাম হিসেবে জানে। মুসলমানদের মধ্যে ইহুদী-খ্রিষ্টানদের ও ইবলিশের কার্যকলাপের কোন স্বাধীনতা নেই।	বর্তমানে ইহুদী-খ্রিষ্টানরা ব্যক্তি স্বাধীনতা বলে আল্লাহর আইন বাদ দিয়ে মুসলমানদের ইবলিশের আইন মানতে বাধ্য করে। বর্তমানে বাংলাদেশে গণতন্ত্রের নামে মুসলমানরা যে সকল আইন মানে তার প্রতিটি আইনের উৎস হলো ইবলিশ। খ্রিষ্টানদের গণতান্ত্রিক আইনের কারণে সমাজে আজ নাচ, গান, যিনা, মদ, সুদ স্বাভাবিক হয়ে গেছে। যেমন—বর্তমানে আপনি মদ বন্ধ করতে যাবেন, গণতান্ত্রিক সরকার বলবে দেশের আয় কমে যাবে; আপনি নাচ-গান বন্ধ করতে যাবেন, গণতান্ত্রিক সরকার বলবে ব্যক্তি স্বাধীনতা খর্ব করা হচ্ছে; আপনি সুদভিত্তিক ব্যবসা বাদ দিতে পারবেন না কারণ খ্রিষ্টানরা চলে সুদভিত্তিক ব্যবসা দিয়ে। মূলত গণতন্ত্র সুকৌশলে ব্যক্তি স্বাধীনতা বলে মুসলমানদের কে ইবলিশের পূজা করায়।

মূল্যবোধের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
৫. মূল্যবোধের প্রয়োগ	মুসলমানদের মদিনা রাষ্ট্রে একজন মুসলমানের সাথে অন্য জনের দেখা হওয়া মাত্রই একে অপরের সাথে সালাম বিনিয়ম ও মুসাফাহা করত। তখন মুসলমানরা গুড নাইট-এর পরিবর্তে একে অপরের জন্য আল্লাহ হাফেজ বলে দোয়া করত এবং মুসলমানরা গুড মর্নিং-এর পরিবর্তে সালাম বিনিময় করত। তখন মুসলমান দের দুই চোখ আল-কোরআনের পাতায় থাকত। মদিনা রাষ্ট্রে মুসলমানরা আল্লাহর হারামকে হারাম হিসেবে গ্রহণ করতেন, এতে কোন সন্দেহ রাখতেন না এবং তখনকার মুসলমানরা জিহাদের জন্য একে অপরকে উৎসাহিত করতেন।	খ্রিষ্টানরা ইবলিশের হয়ে মুসলমানদের ভালো-মন্দ ও সঠিক-ভুলের মধ্যে পরিবর্তন করে দেয়। যখন খ্রিষ্টানরা শিক্ষার মাধ্যমে মুসলমানদের ভেতরে গুড নাইট, গুড মর্নিং, থ্যাংকস প্রবেশ করিয়ে দেয় তখন মুসলমানদের ইসলামিক মূল্যবোধ নষ্ট হতে শুরু করে। খ্রিষ্টানরা মুসলমানদের দোয়ার স্থানসমূহে তাদের বস্তুবাদী শব্দ গুলো প্রবেশ করিয়ে দেয়। যার কারণে মুসলমানরা দিন দিন কাজকর্মে ইবলিশের অনুসারী হয়ে যায়। যেমন— বাংলাদেশের মুসলমানদের মধ্যে এক দল আছে যারা ইবাদতে সাহাবাদের অনুসারী কিন্তু পোশাকে ও আদর্শে খ্রিষ্টানদের অনুসারী।
৬. মূল্যবোধের ব্যবসা	মুসলমানরা জান্নাত পাওয়ার জন্য মূল্যবোধের ব্যবসা করে। মানুষ যখন আল-কোরআন অনুসারে ভালোকে ভালো আর মন্দকে মন্দ বলে, তখন সমাজে পবিত্রতা চলে আসে। যেমন— বাবা-ছেলে যখন একসাথে বাইরে বের হয়, তখন কোন নারী যদি অশ্লীল পোশাক পরে তাদের সামনে দিয়ে যায়, তখন বাবা-ছেলের মধ্যকার পবিত্রতা নষ্ট হয়ে যায়। আল-কোরআনের নির্দেশ অনুসারে মানুষ যখন জীবনযাপন করবে, তখন সমাজের পবিত্রতা বৃদ্ধি পাবে। যুগের পরিবর্তন হতে পারে, কিন্তু আল-কোরআনের আলোকে মুসলমানদের মূল্যবোধের কোন পরিবর্তন হয় না।	আল্লাহ মানুষকে যা নিষেধ করেছেন ইবলিশ তা করানোর জন্য চেষ্টা করে। ইবলিশের এই চেষ্টাকে বাস্তবে রূপ দেয় ইহুদী-খ্রিষ্টানরা। যেমন—আপনার মেয়ে এখন প্রেম করে, যাকে বর্তমান বাংলাদেশে বলে পরস্পরকে চেনা। প্রেমের নামে পরস্পরকে চিনতে গেলে যিনা হয়। আর যিনা হলে হোটেল ব্যবসা, গর্ভপাত ক্লিনিক এবং পর্নোগ্রাফি ইন্ডাস্ট্রির বিশাল বাজার তৈরি হয়। হারাম বাজারকে টিকিয়ে রাখার জন্য ইহুদী-খ্রিষ্টানরা সবার হাতে মোবাইল ধরিয়ে দেয়। মোবাইলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করে টেক জায়ান্টরা বিশাল ডেটা সেন্টার খুলে ব্যবসা করে।
৭. মূল্যবোধের নৈতিকতা	আল্লাহর পথে অর্থাৎ আল্লাহর আইন ও নির্দেশ বাস্তবায়ন করতে গিয়ে যেসব মুসলমান মৃত্যুবরণ করে তাদেরকে যাতে জীবত মুসলমানরা মৃত না বলে। বরং ওই সকল মৃত মুসলমানরা আল্লাহর কাছে জীবিত কিন্তু জীবিত মুসলমানরা তা অনুভব করতে পারে না। আল্লাহর পথে মৃত্যুবরণকারীদের উপাধি হলো শহীদ। আল্লাহর আইন ও রাসূল (সা.)-এর রাষ্ট্রনীতি বাস্তবায়ন করতে গিয়ে যে মুসলমান মারা যান তাকে আল্লাহ শহীদ বলেছেন। আল-কোরআনের আইন অনুসারে যে মানুষ আল্লাহর নির্দেশনা মানবে না মুসলমানদের দৃষ্টিতে সেই ব্যক্তি হলো সর্বোচ্চ উগ্র ও জঙ্গি।	বাংলাদেশে অনেক সৈন্য গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাকে রক্ষা করতে গিয়ে মারা যায়, যাদেরকে রাষ্ট্র শহীদ বলে। যেই মুসলমান সৈন্য খ্রিষ্টানদের আইন ও রাষ্ট্র ব্যবস্থাকে রক্ষা করতে গিয়ে মারা যায় সেই সৈন্য কীভাবে শহীদ হয়? বর্তমান সৈন্যরা যদি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাকে নিরাপত্তা না দিত তাহলে বাংলাদেশে এক মাসের মধ্যে আল্লাহর আইন ও রাসূল (সা.)-এর রাষ্ট্রব্যবস্থা বাস্তবায়ন হয়ে যেত। বাংলাদেশের মুনাফিক সৈন্যরা আল্লাহর আইন বাস্তবায়নকারীদের জঙ্গি বলে নির্মম নির্যাতন করে। অথচ খ্রিষ্টান আইনের বিপক্ষে বিদ্রোহকারীদেরকে কাফেররা জঙ্গি বলে।
৮. মূল্যবোধের সৌন্দর্য	ইসলামিক মূল্যবোধসম্পন্ন মুসলমানরা আল্লাহকে বেশি স্মরণ করার উদ্দেশ্যে হাতে তসবিহ রাখে, ডান হাতে খাবার খায়, ডান হাতে খাবার দেয়, বেশি বেশি সালাম দেয়, নিচু স্বরে কথা বলেন, হাঁটুর ওপরে কাপড় পরেন না, সাহাবাদের ন্যায় পোশাক পরিধান করে, সকালে ও দুপুরে বেশি খাবার খায় রাতে কম খায়, পুরুষ-পরনারী একসাথে আড্ডা দেন না, আল-কোরআন নিজ ভাষায় বুঝে পড়ে এবং আল্লাহর আইন বাস্তবায়নের জন্য প্রকাশ্যে জিহাদ করে।	ইবলিশের মূল্যবোধসম্পন্ন মুসলমানরা যেসকল কাজ করে, মোবাইলকে বেশি স্মরণ করে, কাজকর্মে বাম হাতের ব্যবহার করে, সালামে কৃপণতা করে, উঁচু স্বরে কথা বলে, ছোট কাপড় পরিধান করে, অশ্লীল পোশাক পরিধান করে, বিবাহ ব্যতীত পুরুষ-নারী একসাথে চলাফেরা করে, রাতে বেশি খায়, আল্লাহর আইনসমূহ নিয়ে আলোচনা করে না, ফিকহি মাসয়ালা নিয়ে তর্ক-বিতর্ক করে এবং কাফের ও ইহুদী-খ্রিষ্টয়ানদের ভয় করে। যেভাবে আল্লাহকে ভয় করার দরকার ছিল।
৯. মূল্যবোধের প্রভাব	মুসলমানদের মধ্যে সবাই মনে করে যেই ব্যক্তি আল্লাহ ওয়ালা উনি জন্ম থেকে কোন দিন পাপ কাজ করেন নাই। অথচ মুহাম্মদ (সা.)-এর উম্মতের মধ্যে সর্বোচ্চ আল্লাহওয়ালা হলো সাহাবারা। আর সকল সাহাবা জন্ম থেকে আল্লাহওয়ালা ছিলেন না। জন্ম থেকে আল্লাহ ওয়ালা হওয়ার বৈশিষ্ট্য থাকে নবী-রাসূলদের।	রাসূল (সা.) বলেছেন তিনি শেষ নবী। অর্থাৎ তাঁর পরে আর কেউ জন্ম থেকে আল্লাহওয়ালা হওয়ার সম্ভাবনা কম। এখন মুসলমানদের মধ্যে যারা মনে করে আমিরুল মুমিন হতে হলে জন্ম থেকে আল্লাহওয়ালা হতে হবে, তাদেরকে মূলত ইবলিশ ধোকা দিয়েছে যাতে তারা নিজেদের নেতা নির্বাচন করতে না পারে।

চিকিৎসা: মানুষের অসুস্থতার সঠিক কারণ নির্ণয় করে সুস্থতার জন্য যে পদ্ধতি গ্রহণ করা হয় তাকে চিকিৎসা বলে। মানুষের অসুস্থতা নির্ভর করে স্বাস্থ্যের উপর, স্বাস্থ্য নির্ভর করে খাদ্যের উপর, আর খাদ্য আসে জমিন থেকে। খাদ্যে সমস্যা থাকলে স্বাস্থ্য খারাপ হবে এবং চিকিৎসার প্রয়োজন হবে। (আন-নাহল: ৬৯)

চিকিৎসার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
১. চিকিৎসার ভিত্তি	মুসলমানদের চিকিৎসা বিজ্ঞানী ইবনে সিনার কথা সবাই জানে। তাঁর চিকিৎসায় অ্যালোপ্যাথিকের মতো রোগ বারবার ফিরে আসত না; তিনি ভেষজ ও উদ্ভিদ জাত ওষুধ তৈরি করতেন। ইবনে সিনা শুধু রোগের চিকিৎসা না করে রোগীর শারীরিক ও মানসিক অবস্থা বুঝে চিকিৎসা করতেন, যার কারণে রোগ বারবার ফিরে আসত না। ইবনে সিনার উদ্ভিদ ভিত্তিক চিকিৎসার ফলে মানুষের প্রাকৃতিক রোগ প্রতিরোধ ক্ষমতা বেশি ছিল। বর্তমানে ইবনে সিনার চিকিৎসা পদ্ধতি হোমিও এবং ইউনানিতে দেখা যায়।	ইহুদী-খ্রিষ্টানরা নিজেদের আবিষ্কারকে আধুনিক বলে। বর্তমানে অ্যালোপ্যাথিকে আধুনিক চিকিৎসা বলা হয়। তবে ইহুদী-খ্রিষ্টানরা চিকিৎসার উন্নত সংস্করণ মুসলিম বিজ্ঞানীদের থেকে শিক্ষা গ্রহণ করেছে। ইবনে সিনা তাঁর আল-কানুন ফিত-তিব্ব গ্রন্থে পাঁচ শতাধিক উদ্ভিজ্জ ওষুধের বর্ণনা দিয়েছেন, যা ৮০০ বছর ইউরোপের মেডিকেল কলেজগুলোতে পড়ানো হয়েছে। ইবনে সিনা বিশ্বাস করতেন, দেহ ও মন আলাদা নয়। তবে খ্রিষ্টানরা চিকিৎসা বিজ্ঞান শিক্ষার পরে সেবার পরিবর্তে চিকিৎসাকে আয়ের উৎস বানিয়ে ফেলেছে।
২. রোগ নির্ণয়	মুসলমানদের স্বর্ণযুগে বাগদাদ ও কর্ডোভার হাসপাতাল গুলোতে রোগ নির্ণয় করার জন্য ত্বকের রঙ, চোখ, শ্বাস-প্রশ্বাস, রোগীর খাদ্যাভ্যাস, রোগী কোথায় বাস করেন, রোগীর পরিবারের কারো এই রোগ আছে কি না, তার মানসিক অবস্থা কেমন—এই সকল বিষয়ের ওপর নির্ভর করে হাসপাতাল গুলো প্রাথমিক চিকিৎসা দিত। তবে প্রাথমিক চিকিৎসায় উন্নতি না হলে মূত্র ও মল পরীক্ষা করা হতো। তখন মুসলমানদের হাসপাতাল গুলোতে ওষুধের পাশাপাশি আল-কোরআনের তিলাওয়াত এবং আধ্যাত্মিক প্রশান্তিকে চিকিৎসার অংশ মনে করা হতো।	খ্রিষ্টানরা চিকিৎসা ব্যবস্থায় আধ্যাত্মিকতাকে অন্ধবিশ্বাস বলে উড়িয়ে দেয়। খ্রিষ্টানরা রোগীকে একটি মেশিন মনে করে। ফলে সকল অ্যালোপ্যাথিক ডাক্তার সাধারণ রোগগুলো লক্ষণভেদে চিকিৎসা না দিয়ে মেশিনের ওপর নির্ভরশীল হয়ে পরীক্ষা-নিরীক্ষা করে। ছোট-বড় রোগের জন্য পরীক্ষা-নিরীক্ষা দেওয়ার কারণে মানুষের ভেতর থেকে নৈতিকতা ও ধৈর্য হারিয়ে যায়। পরিসংখ্যানে দেখা যায় রোগ মেশিননির্ভর হওয়ার কারণে বিশ্বে মানসিক রোগীর সংখ্যা জ্যামিতিক হারে বাড়ছে এবং ওষুধের ওপর নির্ভরতা মানুষকে ডিপ্রেশনের দিকে ঠেলে দেয়।
৩. ওষুধের উৎস	মুসলমান চিকিৎসাবিজ্ঞানী ইবনে সিনা প্রথম ওষুধের সাথে ফলের রসের প্রয়োগ শুরু করেছিলেন। যেমন—আপনি দুই বছরের কম বয়সী বাচ্চাকে হোমিও ওষুধ খাওয়াবেন, সে স্বাভাবিকভাবেই তা খাবে এবং সে বারবার ওষুধ খেতে চাইবে। কারণ প্রাকৃতিক ওষুধের মিষ্টতা ও ঘ্রাণ মানুষের প্রাকৃতিক ফিতরাতের সাথে খাপ খায়। হোমিও ওষুধে প্রাকৃতিক উপকরণ থাকার কারণে বাচ্চারা ওষুধ খেতে অনীহা প্রকাশ করে না।	খ্রিষ্টানদের চিকিৎসা ব্যবস্থায় শিশুদের জন্মের পর থেকে রাসায়নিক মিশ্রিত সিরাপ ও ড্রপ দেওয়া হয়। কেমিক্যাল মিশ্রিত ওষুধের তিক্ততা শিশুর মনে ভীতি তৈরি করে এবং ওষুধ শিশুর লিভারের ওপর চাপ ফেলে। জোর করে এসব খাওয়ানোর ফলে শিশুর রুচি নষ্ট হয় এবং বড় হওয়ার সাথে সাথে শিশু খিটখিটে মেজাজের হয়ে পড়ে। কেমিক্যাল মিশ্রিত অ্যালোপ্যাথি ওষুধ শিশুর স্নায়ুতন্ত্রকে অসুরক্ষিত করে তোলে।
৪. টিকার উপকরণ	হযরত উমর (রা.)-এর সময় সিরিয়ায় প্লেগ দেখা দিলে তিনি সংগনিরোধ ও প্রাকৃতিক উপায়ে সুস্থতার পথ বেছে নেন, যা আজ আধুনিক বিজ্ঞান মানছে। ইসলাম মুসলমানদের শরীরের পবিত্রতা ও রক্তের বিশুদ্ধতার ওপর জোর দেয়। মুসলমানদের রক্তে কোন অপবিত্র বস্তু প্রবেশ করলে তা ইবাদতের তৃপ্তি নষ্ট করে দেয়। যেমন—মুসলমান শিশুদের ৯ মাস এবং ১৫ মাস বয়সে যে হাম ও রুবেলার টিকা দেওয়া হয়, তার অনেকগুলো ব্র্যান্ডে স্ট্যাবিলাইজার হিসেবে শুকরের আঠালো প্রোটিন ব্যবহার করে। এমনকি মুখে খাওয়ার পোলিও টিকার তরল মিশ্রণটি স্থিতিশীল রাখার জন্য কিছু ক্ষেত্রে শুকরের প্রোটিন ব্যবহার করা হয়। টিকার সাথে শুকরের হারাম উপকরণ মুসলমানদের শরীরের পবিত্রতা নষ্ট করে।	বর্তমান টিকাদান কর্মসূচির আড়ালে বিষাক্ত পারদ-থিমেরোসল এবং শুকরের জেলাটিন সরাসরি মানুষের রক্তে মিশিয়ে দেওয়া হচ্ছে। ফলে বিষাক্ত পারদ আর অ্যালুমিনিয়াম লবণ মিশ্রিত হয়ে ব্রেইন ফগ তৈরি হয়, যা তরুণ প্রজন্মকে গভীর ধর্মীয় ও দার্শনিক চিন্তা থেকে বিচ্যুত করে ফেলে। এবং টিকাতে ফরমালডিহাইড এবং বিভিন্ন প্রাণীর ডিএনএ-র অংশ দেওয়া হয়। এই সকল ক্ষতিকর উপাদান মানুষের রক্তে সরাসরি প্রবেশ করলে মানুষের প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হয়ে যায়। প্রাকৃতিক বিচার-বুদ্ধিহীন প্রজন্ম কেবল আমোদ-প্রমোদে লিপ্ত হয়ে যায়। বর্তমানে মুসলমান শিশুদের খ্রিষ্টানরা ফ্রি টিকা দেয়। আসলে মুসলমানদের খ্রিষ্টানরা ফ্রি টিকা দেয় কেন তা কি কখনো মুসলমানরা চিন্তা করেছে?

চিকিৎসার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
৫. টিকার প্রভাব	পুরুষ ও নারীর প্রজনন ক্ষমতাকে মুসলমানরা আল্লাহর নিয়ামত মনে করে। মুসলমানদের শাসনামলে মা ও শিশুর পুষ্টি নিশ্চিত করতে রাষ্ট্র থেকে ভাতা দেওয়া হতো। তখন স্বাভাবিক প্রসব ছিল মুসলমানদের সাধারণ নিয়ম। স্বাভাবিক প্রসবের ফলে মা ও সন্তান উভয়েই দীর্ঘমেয়াদী সুস্থতা লাভ করে। মুসলমান নারীরা সুস্থতার ওপর ভিত্তি করে অধিক সন্তান গ্রহণ করে।	বর্তমানে খ্রিষ্টানরা স্বাস্থ্যের নামে নারীদের পিল ও ১২-১৫ বছর বয়সে ইনজেকশন দেয় যা জরায়ুর সংকীর্ণতা তৈরি করে। সংকীর্ণ জরায়ু দিয়ে স্বাভাবিক সন্তান প্রসব করা যায় না। ফলে নারীদের সিজারিয়ান অপারেশন করতে হয়। সিজারের কারণে নারীদের স্বাস্থ্য ভেঙে পড়ে এবং নারীরা শারীরিকভাবে দুর্বল হয়ে খ্রিষ্টানদের তৈরি ওষুধের ওপর নির্ভরশীল হয়ে পড়ে।
৬. কৃত্রিম খাবার	আল্লাহর সৃষ্টি প্রাকৃতিক ফসলের নিজস্ব প্রজনন ক্ষমতা আছে; প্রাকৃতিক খাবারগুলো পুষ্টিতে ভরপুর এবং রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন। কিন্তু জিএমও খাবারের মাধ্যমে মানুষের শরীরে প্রতিনিয়ত কৃত্রিম অ্যান্টি বায়োটিক রেজিস্ট্যান্স প্রবেশ করে। যেমন- ব্রয়লার মুরগি, পাঙ্গাস মাছ, হাইব্রিড ফুলকপি ও বাঁধাকপি। এই সব খাবারের কারণে মানুষের শরীরে সাধারণ ওষুধ কাজ করে না। সাধারণ ওষুধ কাজ না করার কারণে ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলোর জন্য নতুন এবং আরও দামি ওষুধ তৈরির সুযোগ হয়। জিএমও খাবারের নিজস্ব প্রজনন ক্ষমতা নেই বললেই চলে, যার প্রভাবে মানুষের প্রজনন ক্ষমতাও দিন দিন হ্রাস পায়।	বাংলাদেশে ISO মান ঠিক রেখে খাবার কোম্পানিগুলো পণ্য উৎপাদন করে। ISO নীতি এসেছে খ্রিষ্টান দেশ গুলোর ওপর ভিত্তি করে। পৃথিবীতে খ্রিষ্টান দেশগুলো শুকরের মাংস খায়। যার কারণে বাংলাদেশের আইসক্রিম, প্যাকেটজাত খাবার ও ক্যাপসুল ওষুধের প্লাস্টিক জাতীয় খোসা তৈরিতে শুকরের চর্বি বা জেলাটিন (E-Numbers) ব্যবহার করা হয়। শুকরের জেলাটিন ব্যবহারের উদ্দেশ্য কেবল খরচ কমানো নয়, বরং মুসলিমদের শরীরে হারাম খাদ্য প্রবেশ করিয়ে রুহানি শক্তি এবং অন্তরের নূর নষ্ট করা। ফলে মানুষের মধ্যে ইবাদতের নূর চলে যায় এবং মানুষ পশুর মতো প্রকাশ্যে অশ্লীল আচরণ শুরু করে।
৭. জন্ম নিয়ন্ত্রণ	রাসূল (সা.) বলেছেন, তোমরা বেশি সন্তান গ্রহণ করো, যাতে কিয়ামতের ময়দানে আমার উম্মতের সংখ্যা বেশি হয়। তবে মুসলমান নারীরা শারীরিক সক্ষমতার উপর নির্ভর করে অধিক সন্তান গ্রহণ করে। মুসলমানদের নিয়ম হলো কোন নারী যদি অধিক সন্তান নিতে অক্ষম হয়, তবে পুরুষ চাইলে একাধিক বিবাহ করতে পারবে।	বর্তমানে জনসংখ্যা বিস্ফোরণের ভয় দেখানো হয়। এই চক্রান্তের উদ্দেশ্য হলো এপিজেনেটিক্স-এর মাধ্যমে নির্দিষ্ট আদর্শের মানুষের সংখ্যাতাত্ত্বিক শক্তি কমিয়ে দেওয়া। এছাড়া জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর একটি বিশাল বৈশ্বিক বাজার তৈরি করা। বর্তমান চিকিৎসা ব্যবস্থার মূলমন্ত্র হয়ে দাঁড়িয়েছে—রোগী বানাও, মুনাফা লুটো।
৮. চিকিৎসা সেবা	রাসূল (সা.)-এর যুগে যুদ্ধক্ষেত্রে হযরত রুফায়দা আল-আসলামিয়া (রা.) প্রথম ভ্রাম্যমাণ হাসপাতাল স্থাপন করেন এবং পর্দার সাথে তিনি আহতদের সেবা দিতেন। রাসূল (সা.) নিজে রোগীর সেবা করতেন এবং তিনি সেবিকাদের মর্যাদা অনেক উঁচুতে তুলে ধরেছেন। খিলাফতের সময় নারীরা সম্পূর্ণ শালীন ও স্বতন্ত্র পোশাক পরে সেবা দিতেন। তৎকালীন নারীরা আম্মাজান আয়েশা (রা.)-এর কাছে ইসলামিক শিক্ষার পাশাপাশি চিকিৎসাবিদ্যা এবং আরব্য সাহিত্যের শিক্ষা নিতেন। ফাতেমা (রা.)-এর কাছে নারীরা মূলত ধৈর্য, অল্পে তুষ্টি, লজ্জা এবং পর্দার শিক্ষা গ্রহণ করতেন।	বাংলাদেশের হাসপাতালগুলোতে গেলে সেবার জন্য আমরা অনেক নারী দেখি। হাসপাতালে ওই সকল নারী বিশেষ ধরণের পোশাক পরেন। নারীদের পোশাকের যে ডিজাইন তা সরাসরি খ্রিষ্টান মিশনারির সিস্টারদের আদলে তৈরি। খ্রিষ্টানরা সেবার আড়ালে বেপর্দা ও খ্রিষ্টান ধর্মীয় প্রতীকের প্রভাব মুসলমানদের অবচেতন মনে গেঁথে দেয়, যাতে মুসলমানরা নিজেদের ঐতিহ্য ভুলে খ্রিষ্টানদের শ্রেষ্ঠ মনে করে। মুসলমান নারীদের খ্রিষ্টানরা প্রথমে সেবার নাম দিয়ে বাইরে বের করেছে। পরবর্তীতে সেবাকে শিক্ষার সাথে সংযোগ করে প্রতিটি কর্মে নারীর উপস্থিতি নিশ্চিত করেছে।
৯. চিকিৎসার প্রভাব	মুসলমানদের রোগ যত কম হবে, অর্থ ও সময়ের অপচয় তত কম হবে। ফলে মুসলমানরা আল্লাহর ইবাদতে বেশি সময় দিতে পারবে। ইবনে সিনার মতো বিজ্ঞানীদের চিকিৎসা গ্রহণের ফলে মুসলমানদের রোগ কম হতো। পাশাপাশি মানুষের দুশ্চিন্তা কম ছিল এবং ধৈর্য ছিল অনেক বেশি। তৎকালীন মানুষ দ্রুত সুস্থ হওয়ার চেয়ে রোগ থেকে চিরস্থায়ী মুক্তি পাওয়াই ছিল প্রধান লক্ষ্য, যাতে বারবার চিকিৎসা নিতে না হয়। এর ফলে মানুষের হাসপাতালের খরচ ও যাতায়াত ব্যয় কম হতো এবং মানুষের হাতে বেশি অর্থ থাকত।	মুসলমানদের স্বর্ণযুগে চিকিৎসা ছিল একটি জনসেবা। বাগদাদের আল-মানসুরি হাসপাতালে ধনী-দরিদ্র সবার চিকিৎসা ছিল বিনামূল্যে এবং সুস্থ হওয়ার পর তাদের বাড়ি ফেরার ভাড়াও দেওয়া হতো। বর্তমান চিকিৎসা ব্যবস্থা হলো মৃত্যুর ফাঁদ, এখানে সামান্য জ্বরেও অগণিত দামি টেস্ট করানো হয়। বর্তমান চিকিৎসার কাঁচামাল ডলারের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়। এই নিয়ন্ত্রণের মাধ্যমে খ্রিষ্টান শক্তিসমূহ মুসলমান দেশগুলোর অর্থ শুষে নেয় এবং ব্যবসায়িক অবরোধের ভয় দেখিয়ে নিজেদের অনৈতিক আইন মানতে বাধ্য করে।

সংস্কৃতি: মানুষের জীবনের অবসর সময়ের ব্যবহারকে সংস্কৃতি বলে। এই সংস্কৃতিকে ব্যবহার করেই মানুষের চিন্তার-মূল্যবোধের পরিবর্তন ঘটানো সম্ভব। (আল-ইনশিরাহ: ৭)

সংস্কৃতির মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
১. ধর্মীয় সংস্কৃতি	রাসূল (সা.) মদিনায় হিজরতের পর জাহেলিয়াতের উৎসব বন্ধ করে ঈদুল ফিতর ও ঈদুল আজহার প্রচলন করেন। সংস্কৃতি কেবল আনন্দ নয়, বরং ইবাদত ও দোয়ার অংশ। মুসলমানদের সংস্কৃতি হলো ঈদ, ওমরা, হজ্জ ও রোজা—এই সকল কার্যক্রম। এই সকল ধর্মীয় সংস্কৃতি রাসূল (সা.)-এর সময় থেকে চলে আসছে। তবে পরবর্তীতে রাসূল (সা.)-এর স্মরণে ঈদে মিলাদুন্নবী, বদরের যোদ্ধাদের জন্য দোয়া, কারবালার স্মরণে দোয়া, মুসলমান ভাইদের মিলনের জন্য ইজতেমা, শবে বরাত ও শবে কদর মুসলমানদের দোয়ার সংস্কৃতি হিসেবে পালন করা হয়।	খ্রিষ্টানরা জাহেলিয়াত সংস্কৃতি নাচ, গান এবং মাদককে আনন্দের উৎস বানিয়েছে। বাংলাদেশে পহেলা বৈশাখ, পহেলা ফাল্গুন বাঙালিদের সংস্কৃতি। যখন সংস্কৃতির মধ্যে দুর্গাপূজা, বুদ্ধ পূর্ণিমা, হোলি ও বড়দিনের উৎসবগুলোর মতো বাদ্যযন্ত্র ও অশ্লীল নাচ-গান প্রবেশ করে, তখন পহেলা বৈশাখ, পহেলা ফাল্গুন বাঙালি মুসলমানদের সংস্কৃতি থাকে না। কাফেররা নিজেদের উৎসবসমূহে অধিক আনন্দের জন্য বাদ্যযন্ত্র দিয়ে বিভিন্ন গান-বাজনা ও নারী দিয়ে পতিতাদের মতো নাচের উৎসব করে। অশ্লীল উৎসব ব্যক্তিকে তার রুহানি শক্তি থেকে বিচ্ছিন্ন করে ফেলে।
২. সংস্কৃতির আগ্রাসন	বর্তমানে মুসলমানরা ওয়াজ মাহফিল দিয়ে সংস্কৃতির আগ্রাসন চালায়। তবে ওয়াজ মাহফিল দিয়ে ব্যক্তিকে ইসলামের উপদেশ দেওয়া যায়। আল্লাহর আইন অনুসারে মানুষকে চালানো যায় না। তার জন্য প্রয়োজন রাষ্ট্রব্যবস্থার। মুসলমানদের জন্য সংস্কৃতি কেবল বিনোদন নয়, বরং এটি একটি আদর্শিক যুদ্ধ। খিলাফতের সময় ধর্মীয় সংস্কৃতির পাশাপাশি কিছু শারীরিক সংস্কৃতি ছিল, যা হলো ঘোড়দৌড়, তীরন্দাজি ও কুস্তি—যা শরীর ও মনকে শক্তিশালী করে।	কাফেররা স্কুল-কলেজে নাচ-গান, নাটক, সিনেমা, দিবস ও চারুকলা দিয়ে সংস্কৃতির আগ্রাসন চালায়। মুসলমানদের ওয়াজের বিপক্ষে এই সকল সংস্কৃতিকে কাফেররা অস্ত্র হিসেবে ব্যবহার করে। ইহুদী-খ্রিষ্টানদের কাছে সংস্কৃতি কেবল বিনোদন। তারা নাচ-গান, অশ্লীলতাকে আনন্দের উৎস হিসেবে দেখে। অশ্লীলতার কারণে মানুষ রুহানি শক্তি থেকে বিচ্ছিন্ন হয়ে ডিপ্রেশনে ভোগে। ডিপ্রেশন ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলোর কৃত্রিম ওষধের বাজার তৈরি করে।
৩. সংস্কৃতির ব্যবসা	মুসলমানদের ওয়াজ মাহফিলের মধ্যে কিছু ইহুদী-খ্রিষ্টান মতাদর্শের ব্যক্তি প্রবেশ করে। ফলে এই ব্যক্তিরা খ্রিষ্টান দেশগুলোকে মডেল মনে করে। তারা ওয়াজে ইহুদী-খ্রিষ্টানদের মতো করে কথা বলতে পছন্দ করে। ইহুদী-খ্রিষ্টান মতাদর্শের ব্যক্তিরা মুসলমানদের ওয়াজ মাহফিলকে আয়ের উৎস বানিয়ে ফেলেছে। এরা মুসলমানদের কাছে আল্লাহর আইনি বিষয়ে কথা না বলে ফিকহি মাসালা নিয়ে তর্কবিতর্ক করে এবং মুসলমানদের মধ্যে বিভিন্ন দল সৃষ্টি করে। মুসলমান দের মধ্যে ইহুদী-খ্রিষ্টান মতাদর্শের ব্যক্তিদের আলেম বলা হয়। তবে এদের কেউ মুসলমানদের আহলে সুফফার অনুসারী দেওবন্দ শিক্ষা ব্যবস্থায় শিক্ষিত নয়।	ইহুদী-খ্রিষ্টানরা সংস্কৃতিকে ব্যবহার করে আয়ের উৎস হিসেবে। নারী যখন নাচ-গান, নাটক, সিনেমা, দিবস-ভ্যালেন্টাইন ও বিজ্ঞাপনের মধ্যে ফ্যাশনের নাম দিয়ে পতিতাদের পোশাক পরে ব্যভিচারকে উসকে দেয়, তখন দেশের হোটেল, ডেটিং অ্যাপস, রেস্টুরেন্ট এবং গিফট শপগুলোর ব্যবসা কয়েক গুণ বেড়ে যায়। এই ব্যবসায়ীরা তাদের ব্যবসার কার্যক্রম বৃদ্ধি করার জন্য ফেসবুক, ইউটিউব, টিকটকসহ নানা অ্যালগরিদম ব্যবহার করে। মানুষ যত বেশি অ্যালগরিদমের মধ্যে সময় দিবে, ইহুদী-খ্রিষ্টানদের তত বেশি বিজ্ঞাপন বিক্রি হবে। খ্রিষ্টানরা সারা বিশ্বে বিজ্ঞাপন দিয়ে কোটি টাকার ব্যবসায়িক ইন্ডাস্ট্রি চালায়।
৪. নামের সংস্কৃতি	আল্লাহ আদম (আ.)-কে সকল বস্তুর নাম শিক্ষা দিয়েছেন। মুসলমানদের জন্য নাম কেবল পরিচয় নয়, নাম পরিচয়ের সাথে একটি আবেগীয় বন্ধন তৈরি করে। মুসলমানরা নামকরণের ক্ষেত্রে কোরআনিক শব্দের ব্যবহার করে, যার কারণে স্বাভাবিকভাবেই মুসলমান দের অনুভূতি আল্লাহমুখী হয়। আল্লাহমুখী অনুভূতির কারণে কোন জালিম আল্লাহ ও তাঁর রাসূল (সা.)-কে নিয়ে খারাপ মন্তব্য করলে মুসলমানরা ক্ষিপ্ত হয়ে যায়। মুসলমানদের এই ক্ষিপ্ততাকেই কাফেররা ভয় পায়।	মুসলমানদের ক্ষিপ্ততা বা তেজকে দূর করার জন্য ইহুদী-খ্রিষ্টানরা বস্তুকেন্দ্রিক নাম ব্যবহার করে। যখন কোরআনিক নাম বদলে দিয়ে সেখানে বস্তুকেন্দ্রিক নাম ব্যবহার করা হয় তখন সেই জায়গার প্রতি মুসলমানদের ধর্মীয় টান ধীরে ধীরে কমে যায়। অর্থহীন বস্তুকেন্দ্রিক নাম মুসলমানদের চেতনাকে দুর্বল করে দেয়। যেমন— জাহাঙ্গীরনগরের পরিবর্তে ঢাকা, ইসলামাবাদের পরিবর্তে চট্টগ্রাম। এই সকল অর্থহীন নাম মানুষকে আল্লাহর স্মরণ ভুলিয়ে দেয়।

সংস্কৃতির মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
৫. নামের পরিবর্তন	রাসূল (সা.) কোন মন্দ নাম শুনলে তা পরিবর্তন করে দিতেন। মুসলমানরা শুরু থেকে ব্যক্তির নাম, প্রতিষ্ঠা নের নাম ও স্থানের নাম সব সময় আল্লাহমুখী রাখত। আল্লাহমুখী নাম মুসলমানদের প্রতিনিয়ত ইসলামের মূল শেকড় ও বিশ্বাসের কথা স্মরণ করিয়ে দেয়। যখন নাম রাখা হয় আবদুল্লাহ বা ইসলামাবাদ, তখন ব্যক্তি অবচেতনভাবেই নিজের মাঝে এক ধরনের বিনয় ও আল্লাহর প্রতি সমর্পণের ভাব অনুভব করে। নাম হলো একটি ব্র্যান্ডিং। যখন কোন জনপদ বা প্রতিষ্ঠানের ব্র্যান্ডিং ইসলামের নামে হয়, তখন সেটি মানুষের চিন্তা, রুচি এবং আমলের ওপর একটি স্থায়ী ইসলামিক প্রভাব ফেলে। নাম হলো দুনিয়াবি পরিচয়কে আখেরাতের সাথে সংযুক্ত করার একটি অন্যতম মাধ্যম।	মুসলমান জাতির নামগুলো যখন ইসলামের সাথে সম্পর্কিত না হয়ে প্রাণ ও ব্র্যাক-এর মতো অর্থহীন ও বস্তুবাদী নাম হয়, তখন নতুন প্রজন্মের মাঝে মুসলমান বোধ হারিয়ে যায়। যার ফলে নতুন প্রজন্ম নিজেদের ইতিহাসের চেয়ে জাগতিক চাকচিক্য ও ব্যবসায়িক ব্র্যান্ডের সাথে বেশি একাত্ম বোধ করে। যেমন—ঢাকা শহরের নাম যদি মসজিদাবাদ রাখা হতো, তখন সেই শহরে বসবাসকারী ও সেখানে প্রবেশকারী ব্যক্তির মনে শুরুতেই আল্লাহর ঘরের কথা স্মরণে আসত। ইসলাম কেন্দ্রিক নাম মানুষের অবচেতন মনে পবিত্রতা এবং ইবাদতের প্রতি অনুরাগ তৈরি করে। এর ফলে মানুষ নিজেকে কেবল একজন নাগরিক নয়, বরং আল্লাহর একজন বান্দা হিসেবে অনুভব করতে শুরু করে।
৬. সংস্কৃতির ব্যবহার	সংস্কৃতি যার অর্থ হলো পূর্বপুরুষ থেকে চলে আসা রীতিনীতি। মানুষের সংক্ষিপ্ত জীবনের মূল্যবান সময় আল্লাহর ইবাদত ও শুকরিয়ায় ব্যয় করার জন্য মুসলমানরা সংস্কৃতির ব্যবহার করে। রাসূল (সা.) থেকে চলে আসা ইসলামিক কর্মকাণ্ডগুলো মুসলমানদের সংস্কৃতি হয়। যেমন—সন্ধ্যা ৬টার পরে নতুন তারিখ শুরু, চাঁদকে বছর গণনার জন্য ব্যবহার করা, শবগুজারি করা, জুমাবারকে সপ্তাহের প্রথম দিন করা ও জুমার জন্য প্রস্তুতি গ্রহণ করা।	রোমান সাম্রাজ্য থেকে চলে আসা কর্মকাণ্ড গুলো মূলত ইহুদী-খ্রিষ্টানদের সংস্কৃতি। ইহুদী-খ্রিষ্টানরা তাদের সংস্কৃতিতে সময়, তারিখ ও বারের মতো ছোট ছোট বিষয়কে ব্যবহার করে। খ্রিষ্টানদের সংস্কৃতি অনুসারে রাত ১২টার পরে নতুন তারিখ শুরু হয়। তারা সূর্যকে বছর গণনার জন্য ব্যবহার করে। আর সাপ্তাহিক নামগুলো খ্রিষ্টানরা তাদের দেব-দেবীর নাম অনুসারে রাখে। ফলে মানুষ বুঝে না বুঝে তাদের ধর্মীয় সংস্কৃতির অংশ হয়ে যায়।
৭. সংস্কৃতির আদর্শ	দুনিয়ার জীবন মানুষের জন্য পুলসিরাতের রাস্তা। এখানে যারা আল্লাহর নির্দেশ মেনে চলবে মৃত্যুর পরে তারা জান্নাতি হবে। মুসলমানদের আদর্শ হলো আল্লাহর নির্দেশ ও রাসূল (সা.)-এর সুন্নত অনুসারে জীবন পরিচালনা করা। আর আল্লাহর নির্দেশ ও রাসূল (সা.)-এর সুন্নতসমূহ বংশপরম্পরায় চলাকে ইসলামিক সংস্কৃতি বলে। মুসলমানদের সংস্কৃতিতে নারীকেন্দ্রিক কোন বিনোদন নেই। যার কারণে সমাজে কেউ নির্লজ্জ পোশাক পরিধান করতে সাহস পায় না।	আদম ও হাওয়া (আ.)-কে ইবলিশ কুমন্ত্রণা দিয়ে জান্নাত থেকে বের করে দিয়েছে। ইবলিশের কুমন্ত্রণার কারণে তাঁদের লজ্জাস্থান প্রকাশ পেয়ে গিয়েছিল। সেই ইবলিশ এখন পৃথিবীতে আছে; ইবলিশ প্রতিনিয়ত চেষ্টা করে আদম সন্তানদের অশ্লীলতায় মগ্ন রাখতে। যার কারণে ইবলিশ মানুষকে মোবাইল, ইন্টারনেট, গেম ও সিনেমা-নাটকের নেশায় ডুবিয়ে রাখে। ফলে বিনোদনের নামে মানুষ জীবনের সংক্ষিপ্ত সময়ের বিশাল একটি অংশ অপচয় করে ফেলে।
৮. সংস্কৃতির প্রভাব	মানুষের শরীর মাটি থেকে তৈরি। যার কারণে ইসলাম মুসলমানদের শারীরিক খেলাধুলার প্রতি উৎসাহিত করে। ফলে মানুষের এই মাটির শরীরে অলসতা আসে না। শারীরিক অলসতা কম থাকার কারণে মুসলমানরা আল্লাহর ইবাদত করতে ও নিজ কর্মে অলসতা করে না। মুসলমানরা যখন আল্লাহর আইন ও রাসূল (সা.)-এর সুন্নত মানবে তখন এই সংস্কৃতি হয়ে যাবে কাফেরদের জন্য দাওয়া। মুসলমানরা কাফের ও মুনাফিকদের দাওয়া করে। আর আল্লাহর আইন মেনে চলার জন্য মুমিন মুসলমানদের নির্দেশ দেয়।	রাসূল (সা.)-এর পর থেকে ইসলামিক সংস্কৃতি হয়ে গেছে কাফেরদেরকে দাওয়া করো। আর আল্লাহর নির্দেশ মানার জন্য মুসলমানদের উপদেশ দেওয়া। ইসলামিক এই সংস্কৃতি পরিবর্তন করার জন্য ইবলিশ বর্তমান মুসলমানদের মধ্যে প্রচলন করেছে মুসলমান নিজেকে দাওয়াত দেবে। মুসলমান যখন নিজেকে দাওয়াত দেয় তখন এর অর্থ হয়ে যায় ওই ব্যক্তি হয় মুনাফিক বা কাফির। সংস্কৃতির এই সূক্ষ্ম পরিবর্তনের ফলে মুসলমানদের মধ্যে প্রচলন হয়ে গেছে ইসলামিক উপদেশ দাও, আল্লাহর নির্দেশের প্রচার পেছনে রাখো।

যোগাযোগ: যেকোন ব্যক্তি বা বস্তুর নির্দিষ্ট স্থানে আসা ও যাওয়াকে যোগাযোগ বলে। সড়ককেন্দ্রিক যোগাযোগ দেশের উন্নয়নে ভূমিকা রাখে এবং আয় বৃদ্ধি করে। যোগাযোগ যত উন্নত হবে, দেশের উন্নয়ন তত দ্রুত হবে। (আল-আনকাবুত: ২০)

যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
১. যাতায়াত নীতি	ইয়ারমূকের যুদ্ধে রোমানদের পক্ষ থেকে যখন মুসলিম বাহিনীকে পর্যবেক্ষণ করা হচ্ছিল, তখন তাদের এক জন উপদেষ্টা সেনাপতিকে বলেছিলেন যে, এরা এমন এক জাতি যারা দিনের বেলা ঘোড়সওয়ার যোদ্ধা আর রাতের বেলা আল্লাহর ইবাদতকরে। তারা যুদ্ধের ময়দানে তাদের নারীদের অমর্যাদা হতে দেয় না।	যানবাহনে নারী-পুরুষের অবাধ মিশ্রণ এবং নারীদের মোটরবাইক চালানোর সংস্কৃতির উদ্দেশ্য, মাহরাম প্রথাকে সেকেলে বানিয়ে সামাজিক লজ্জাবোধ তুলে দেওয়া। নারীদের জন্য যাতায়াত ব্যবস্থায় পর্দা বা মাহরাম না থাকা তাদের নিরাপত্তার ঝুঁকি বাড়ায় এবং সমাজকে যিনা ও অশ্লীলতার দিকে ঠেলে দেয়।
২. যাত্রী ছাউনি	পবিত্র আল-কোরআন মুসাফিরদের অধিক সম্মান দিয়েছে, যার ধারাবাহিকতায় আমাদের এই মহাদেশে একসময় মুসাফিরখানা ছিল। সেখানে পথিকরা আসতেন, আরাম করতেন, নামায পড়তেন এবং নিজেদের প্রাপ্য অধিকার বুঝে নিয়ে আবার গন্তব্যে চলে যেতেন। বর্তমানে এই ব্যবস্থা থাকলে গাড়ির চালকরাও নিয়মিত নামাজ পড়ার সুযোগ পেতো।	ব্রিটিশরা এই মহাদেশে আসার পর খ্রিষ্টানদের শাসন ব্যবস্থা বাস্তবায়ন করতে গিয়ে মুসলমানদের সকল মুসাফিরখানা বন্ধ করে দেয়। যার ফলে এখন কেউ মুসাফিরদের প্রাপ্য অধিকার দেয় না। বর্তমানে গাড়ি চালকরাও পর্যাপ্ত বিশ্রামের জায়গা পান না। আর বিশ্রামহীন অবস্থায় গাড়ি চালানোর কারণে চালকরা প্রায়ই ভয়াবহ দুর্ঘটনার সম্মুখীন হয়।
৩. মসজিদ কেন্দ্রিক কার্যালয়	আল্লাহর দেওয়া নেয়ামতের মধ্যে তেল এক বিশেষ দান। এই তেল অনেকের জন্য কান্না বয়ে এনেছে, আবার অনেকের জন্য হাসি। মুসলমানদের কার্যক্রম তৃণমূল মসজিদ কেন্দ্রিক হওয়া বিচারের জন্য মানুষকে দূরের অফিস-আদালতে যেতে হয় না এবং যাকাত ভিত্তিক ব্যবসানীতি হওয়ার কারণে কর্মসংস্থান নিকটেই হয়। যার ফলে যাতায়াতের জন্য খুব কম তেল লাগে এবং সাধারণ মানুষের পকেট ভর্তি টাকা থাকে।	বাংলাদেশে গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় অফিস-আদালত ২০-৩০ কিমি দূরে হয়। অন্যদিকে সুদ ভিত্তিক ব্যবসানীতি হওয়ার কারণে কর্মসংস্থানের জন্য মানুষ শহরমুখী হয়। যার ফলে কাঠের পরিবর্তে তেল, গ্যাস, পানি ও বিদ্যুতের ওপর চাপ বাড়ে। এই সকল উপকরণের যোগানের জন্য প্রয়োজন হয় ডলারের। আমরা এই ডলার আয় করার জন্য গার্মেন্টসের বর্জ্য দিয়ে আমাদের নদীর মাছসমূহ ধ্বংস করি।
৪. তেলের চাহিদা	আল্লাহর দেওয়া নেয়ামত বৃষ্টির পানি, দিনের আলোর, মসজিদকেন্দ্রিক কার্যালয় ও যাকাতভিত্তিক ব্যবসার সঠিক ব্যবহার করে আমরা যদি জীবনযাপন করি, তাহলে মুসলমানদের তেলের প্রয়োজন বর্তমানের তুলনায় মাত্র ৩ ভাগের ১ ভাগ লাগবে। মুসলমানদের তেলের এই স্বল্প চাহিদা ডলারের প্রয়োজনীয়তাকে শূন্যের কোঠায় নিয়ে আসবে। এর ফলে বাংলাদেশের মুসলমানরা খ্রিষ্টানদের যেকোন ব্যবসায়িক নিষেধাজ্ঞা দৃঢ়ভাবে মোকাবিলা করতে পারবে।	বাংলাদেশের বর্তমান রাষ্ট্রীয় কাঠামোর কারণে তেলের প্রয়োজন অনেক বেশি, যা ডলারের চাহিদাকে বাড়িয়ে দেয়। এই সুযোগে খ্রিষ্টানরা তাদের রাষ্টব্যবস্থা ও নীতি মুসলমানদের ওপর চাপিয়ে দেয়। কেউ যদি খ্রিষ্টানদের রাষ্টব্যবস্থার বাইরে যেতে চায়, তবে খ্রিষ্টানদের সেই দেশের উপর ব্যবসায়িক নিষেধাজ্ঞা বা স্যাংশন আরোপ করে। ফলে অনেক দেশ বাধ্য হয়ে খ্রিষ্টানদের কথা শোনে। খ্রিষ্টানরা তেলের চাহিদা বৃদ্ধি করার জন্য আল্লাহর দেওয়া প্রাকৃতিক নিয়ম মানে না।
৫. বৃষ্টির পানি	মানবজাতি ইউসুফ (আ.)-এর বাঁধ নির্মাণের মাধ্যমে বৃষ্টির পানি ব্যবহারের শিক্ষা পায়। আমরা যদি বাহ্যিক ব্যবহারের জন্য প্রতি বছর বৃষ্টির পানি ছাদের মাধ্যমে বিল্ডিংয়ের ট্যাংকিতে ১ লক্ষ কোটি লিটার সংরক্ষণ করি, তাহলে ৬০ কোটি ইউনিট বিদ্যুৎ, জ্বালানি তেল, গ্যাস, পাম্প ও যন্ত্রপাতি আমদানি এবং পরিচালনা ব্যয় কমে আসবে। একই সাথে আমাদের দেশের ভূ-গর্ভস্থ পানির সুরক্ষা নিশ্চিত হবে। ভূগর্ভস্থ পানি বৃদ্ধি পেলে আমাদের গাছসমূহের ফল বৃদ্ধি পাবে।	বাংলাদেশের ডলারের চাহিদা বৃদ্ধি করার জন্য অল্প কিছু বাঁধ নির্মাণ করা হয়, যার ফলে বিদ্যুৎ চাহিদা বৃদ্ধি পায় এবং তেলের ওপর চাপ বাড়ে। বৃষ্টির পানি থেকে বাসার ট্যাংকি সমূহ পূর্ণ করলে ছোট একটা নদীর সমান পানি সংরক্ষণ করা সম্ভব। এই ব্যবস্থার ফলে প্রতি বছর ১০ হাজার কোটি টাকা সাশ্রয় হবে এবং বন্যায় পলিমাটি ধুয়ে যাওয়াও কমবে। বৃষ্টির পানি সংরক্ষণের জন্য প্রয়োজন হয় বালি, নুড়ি পাথর ও বৃষ্টির প্রথম ময়লা পানি সরিয়ে দেওয়ার ভালভ।
৬. আলোর ব্যবহার	মুসলমানের সকাল শুরু হয় সূর্যোদয়ের আগে। সকালে যেমন পাখি খাবারের সন্ধানে বের হয় এবং সন্ধ্যার আগে বাসায় ফেরে, ঠিক তেমনি মুসলমানেরাও সকালে কাজে বের হয় এবং সন্ধ্যায় বাসায় ফেরে। তারা দিনের আলোতে সব কাজ শেষ করে, যার কারণে কৃত্রিম আলোর প্রয়োজন কম হয়। ফলে প্রতি বছর ১০ হাজার কোটি টাকা কম লাগে।	ব্রিটিশরা ছিল কাফের; তারা রাতভর মদ খেত এবং সকাল ১০টায় ঘুম থেকে উঠত। তারপর কাজ শুরু করত যা চলত রাত ১০টা পর্যন্ত। সেই ধারাবাহিকতায় আমাদের অভ্যাস হয়ে গেছে রাত ১২টা পর্যন্ত জাগ্রত থাকার। রাত ১২টা পর্যন্ত জাগ্রত থাকার জন্য প্রয়োজন হয় কৃত্রিম আলোর। কৃত্রিম আলোর জন্য প্রতি বছর ১ হাজার কোটি ইউনিট বিদ্যুৎ আমদানি করতে হয়।

যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
৭. তড়িৎ রশ্মি	ইন্টারনেটের উচ্চ গতির বিকিরণ মৌমাছি, পাখি ও উপকারী কীট-পতঙ্গ ধ্বংস করে। এর ফলে প্রাকৃতিক পরাগায়ন ও গাছপালা ক্ষতিগ্রস্ত হয়। এই ক্ষতি কৃষিতে ধস নামিয়ে দেয়। তখন মানুষকে সরাসরি মাঠের খাবারের বদলে প্যাকেটজাত ও রাসায়যুক্ত খাবার খেতে হয়। তাই মুসলমান জাতিকে রক্ষা করার জন্য ইন্টারনেট নিয়ন্ত্রণের বিকল্প নেই। বিশ্বের ৭০% অপরাধ এই ইন্টারনেটের মাধ্যমে হয়। অপরাধ থেকে মুক্তির জন্য প্রয়োজন বহির্বিশ্বমুক্ত নিজস্ব ইন্টারনেট সার্ভার। এতে মুসলমান জাতি অশ্লীলতা থেকে বেঁচে যাবে।	বর্তমান যুগের যোগাযোগ ব্যবস্থার মূল লক্ষ্য হলো—মানুষকে প্রকৃতি থেকে বিচ্ছিন্ন করে, ডিজিটাল দাসে পরিণত করা। মানুষ ডিজিটাল দাসে পরিণত হলে টেকজায়ান্টরা মানুষের টাকা হাতিয়ে নিতে পারে। যেমন-ভয়েস কলের দাম বাড়িয়ে মানুষকে হোয়াটস অ্যাপ, মেসেঞ্জার ও ইন্টারনেটের দিকে ঠেলে দেওয়া হয়। এতে টেলিকম কোম্পানিগুলো ডেটা বিক্রির মাধ্যমে কোটি কোটি টাকা হাতিয়ে নিচ্ছে। মানুষ যত বেশি ইন্টারনেট ব্যবহার করবে, খ্রিষ্টানদের শক্তিগুলো আমাদের গতিবিধি তত সহজে ট্র্যাক করতে পারবে।
৮. ব্যক্তিগত যানবাহন	ব্যক্তিগত গাড়ির সংখ্যা যত বাড়বে, জ্বালানি তেলের চাহিদাও তত বাড়বে। জ্বালানি তেল আমদানির জন্য ডলারের প্রয়োজন হয়। এই ডলার দেশকে ইহুদীদের পেট্রো-ডলার ব্যাংকিং ব্যবস্থার দাসে পরিণত করে। আমাদেরকে ডলারের দাসে পরিণত করার জন্য সরকার গনপরিবহনকে উন্নত করে না। ফলে দেশে ব্যক্তিগত গাড়ির সংস্কৃতি চালু হয়। এই সংস্কৃতি মূল লক্ষ্য হয় গাড়ি ও যন্ত্রাংশের বাজার চাঙ্গা রাখা—যার ওপর ভিত্তি করেই জাপানের মতো দেশগুলো উন্নত।	গণতন্ত্রের কৌশল হলো সরকারি কর্মকর্তাদের দামি গাড়ি, বিলাসী বাড়ি দিয়ে একটি সুবিধাবাদী শ্রেণি তৈরি করা। কর্মকর্তাদের অতিরিক্ত সুবিধার ফলে তারা সাধারণ মানুষের দুঃখ-কষ্ট ও গণপরিবহনের বেহাল দশা অনুভব করতে পারে না। বাংলাদেশে এই সুবিধা বাদী শ্রেণির মানুষ পুঁজিবাদী গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাকে রক্ষা করে। অতিরিক্ত সুবিধার কারণে রাষ্ট্রীয় সম্পদের এক বিশাল অপচয় হয়। তাদের অপচয়ের অর্থ শেষ পর্যন্ত দেশের মানুষকেই পরিশোধ করতে হয়।
৯. জ্বালানি সাশ্রয়	মুসলমানদের বাংলা নদীমাতৃক দেশ, এখানকার পানি মিষ্টি-মাটি উর্বর। মুসলমানদের বাংলায় অসংখ্য ছোট নদী আছে; এই সকল নদীর মুখে যদি পানি নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করা হয়, তখন সব সময়ের জন্য চাষাবাদ ও নৌ চলাচলের জন্য তা ব্যবহার করা যাবে। এতে বাজারে স্বল্পমূল্যে পণ্য পৌঁছানো যাবে, যা মুসলমান দের মাছ, ভাত ও পণ্য পরিবহন সহজ করে দেবে। পরিকল্পনাটি যদি পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করা হয়, তবে বছরে প্রায় ৩৬ হাজার কোটি টাকা সাশ্রয় করা যাবে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্র কাফেরদের যেকোন অবরোধ মোকাবিলা করতে সক্ষম হয়।	বর্তমানে নদী ও প্রাকৃতিক উৎসের ব্যবহার কম হওয়ায় জ্বালানির চাহিদা বৃদ্ধি পায়। ব্যক্তিগত যানবাহনের নিয়ন্ত্রণ না থাকায় পাবলিক পরিবহনের বেহাল দশা হয় এবং ডলারের চাহিদা বেড়ে যায়। এই সকল চাহিদা মেটাতে বর্তমান সরকার ঋণের জন্য ইহুদীদের কাছ থেকে ডলার নেয়। নদীভিত্তিক সেচ এবং নৌ-পরিবহন ব্যবস্থা চালু হলে তেলের চাহিদা নাটকীয়ভাবে কমে যাবে। ফলে তেল সরবরাহ নিয়ে কোন দেশ যদি ব্যবসায়িক অবরোধ দিতে চায়, তখন তার অবরোধ কাজ করবে না। প্রাকৃতিক উৎসের ব্যবহার মুসলমান দের জাতীয় নিরাপত্তাকে বহুগুণ বাড়িয়ে দেবে।
১০. সম্পদের ব্যবহার	খলিফা উমর (রা.) এক রাতে তাঁর কার্যালয়ে বসে সরকারি কাজ করছিলেন। এমন সময় এক ব্যক্তি ব্যক্তিগত প্রয়োজনে তাঁর সাথে দেখা করতে এলেন। খলিফা উমর (রা.) জ্বলন্ত প্রদীপটি নিভিয়ে দিলেন এবং নিজের ঘর থেকে অন্য একটি প্রদীপ জ্বালিয়ে আনলেন। আগন্তুক অবাক হয়ে এর কারণ জানতে চাইলে খলিফা উমর (রা.) বললেন, এতক্ষণ যে প্রদীপটি জ্বলছিল, তার তেল ছিল জনগণের টাকায় কেনা। যতক্ষণ আমি রাষ্ট্রের কাজ করছিলাম, ততক্ষণ সেটি ব্যবহার করা জায়েজ ছিল। কিন্তু এখন তুমি তোমার ব্যক্তিগত বিষয়ে কথা বলবে, তাই সেই আলোতে ব্যক্তিগত কাজ করা আমানতের খেয়ানত হবে। মুসলমানদের খিলাফতের সময় রাষ্ট্র ছিল জনগণের সেবক, জনগণ ছিল রাষ্ট্রের পাহারাদার।	বর্তমান সরকার ব্যবস্থা বিলাসিতা জন্য টিকে আছে। এখানে অনেক ক্ষেত্রে প্রয়োজন না থাকলেও সরকারি কর্মকর্তাদের জন্য আলাদা আলাদা গাড়ি ও আবাসন প্রদান করা হয়, যা রাষ্ট্রীয় সম্পদের অপচয় মাত্র। বর্তমানে বাংলাদেশের ছোট-বড় মিলিয়ে প্রায় ১,০০৮টি নদী আছে। এই নদীগুলোর অধিকাংশের মুখে যদি বৈজ্ঞানিক পদ্ধতিতে বাঁধ নির্মাণ করা যায়, তবে কৃষি ও নৌ-যোগাযোগে বিপ্লব আসবে। অথচ বর্তমানে ১ হাজার টি সরকারি গাড়ির পেছনে প্রায় ২ হাজার কোটি টাকা ব্যয় হয়; এই টাকা সাশ্রয় করলেই বছরে অন্তত ৩৫০ টি নদীতে বাঁধ দেওয়া সম্ভব। এভাবে কয়েক বছরেই দেশের সকল ছোট নদীকে উৎপাদনমুখী সম্পদে রূপান্তর করা সম্ভব, যা আমাদেরকে প্রতি বছর ৩৬ হাজার কোটি টাকা সাশ্রয় করতে সাহায্য করবে।
১১. পলিমাটি	বাংলাদেশের নদীগুলো দিয়ে প্রতি বছর প্রায় ১২০ কোটি টন পলি প্রবাহিত হয়। নদীর মুখে বৈজ্ঞানিক পদ্ধতিতে বাঁধ দিয়ে যদি মাত্র ১০% পলি নদীগর্ভে আটকে রাখা যায়, তবে বছরে প্রায় ১২ কোটি টন পলিমাটি পাওয়া সম্ভব। জমাকৃত এই পলি-বালু যদি নির্মাণকাজে বা জমি ভরাটে ব্যবহার করা হয়, তবে বছরে প্রায় ৪৮ হাজার কোটি টাকা আয় করা যাবে।	বাংলাদেশে প্রতি বছর সার আমদানিতে সরকার প্রায় ৩০ হাজার কোটি টাকা ভর্তুকি দেয়। পলিমাটি প্রাকৃতিক সার হিসেবে কাজ করে। এই মাটি কৃষিতে ব্যবহার করলে ইউরিয়া ও টিএসপি ওপর নির্ভরতা হ্রাস পাবে। পলিমাটির সঠিক ব্যবহার নিশ্চিত করতে পারলে সারের পেছনে ব্যয় হওয়া অর্থের অন্তত ৫ হাজার কোটি টাকা সাশ্রয় হবে।

লিখন পদ্ধতি: মানুষের মুখের শব্দকে যে চিত্র অঙ্কনের মাধ্যমে বোঝানো হয় তাকে লেখা বলে। আর সেই লেখার কৌশলকে লিখন পদ্ধতি বলে। (আল-আলাক: ৪-৫)

লিখন পদ্ধতি মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

বিষয়	মুসলমানদের নিয়ম	খ্রিষ্টানদের নিয়ম
১. লিখন পদ্ধতি	মুসলমানদের সংবিধান আল-কোরআনের লেখা ডান দিক থেকে শুরু হয়। রাসূল (সা.)-এর যুগে রোম ও কিসরার আধিপত্য কমাতে পারস্য-ইরান নিজেদের ভাষা ফারসি লিখতে ডানমুখী আরবি বর্ণমালা গ্রহণ করেছিল। খিলাফতের সময় ব্যক্তির মুখের ভাষা ঠিক থাকতো কিন্তু ভাষা প্রকাশের বর্ণ হতো আরবি হরফের মতো, যেমন—ফারসি ও উর্দু ভাষা। মুঘল আমলে ভারত বর্ষে মুসলমানদের বাংলা ভাষা আরবি বা ফারসি হরফে লেখার চেষ্টা করা হয়েছিল।	বাংলা লেখার প্রচলন ব্রাহ্মী লিপি থেকে শুরু হয়। খ্রিষ্টান ব্রিটিশরা ভারতবর্ষ থেকে ইসলামকে দূর করার জন্য তাদের নিয়মে বামমুখী বর্ণমালা শুরু করে। যার ফলে ১৯৪৭ ও ১৯৭১-এর পরে ভারতবর্ষের প্রভাবে বাংলাদেশের ভাষাবিদগণ হিন্দি বর্ণমালার সাথে মিল রেখে মুসলমানদের জন্য বাম দিক থেকে লেখার পদ্ধতি চালু করে। যার কারণে আজ মুসলমানদের মধ্যে হিন্দি বলার মনোভাব বেশি। এক সময় তুরস্কের কামাল আতাতুর্ক লিপি পরিবর্তন করেছিলেন।
২. কথার মিল	চিত্র অঙ্কন বা লেখা যেকোন ভাবে প্রকাশ করা যায়। মুসলমান জাতির পথপ্রদর্শক আল-কোরআনের লেখা ডান দিক থেকে হওয়ার কারণে, মুসলমানদের বাংলা ভাষাকে ডান দিক থেকে লেখার জন্য আরবি হরফের ব্যবহার করা দরকার। যেমন—বাংলা = আমি, আরবি হরফ দিয়ে লেখা = "عامي"। লিখার পরিবর্তন করলে মুসলমান বাঙালি জাতির অন্তর থেকে খ্রিষ্টান শাসনের মূল উৎপাটন হবে এবং মানুষ হিন্দু মতাদর্শ থেকে বের হয়ে পরিপূর্ণ ইসলামের দিকে চলে আসবে।	পারস্য ও কামাল আতাতুর্কের লিপি পরিবর্তনের দিকে তাকালে দেখা যায়, লিখন পদ্ধতি মানুষের ধর্মীয় নীতির উপর প্রভাব বিস্তার করে। খ্রিষ্টানরা মুসলমানদেরকে ব্রিটিশ মতাদর্শের দিকে ধাবিত করার জন্য লিখন পদ্ধতির পরিবর্তন করে। আমরা বাংলা ভাষায় কথা বলি বলে হিন্দির সাথে মিল থাকতে হবে এমন নয়। যেমন—ভাষার মিল থাকলেও বর্ণমালা এক হয় না। হিন্দি আর উর্দু উচ্চারণ একই হলেও লেখার পদ্ধতি ভিন্ন। যেমন- বাংলা =সরকার, অসমী=চৰকাৰ।
৩. মুসলমান থেকে ইসলাম	মুসলমান এটি মূলত ফারসি শব্দ থেকে উদ্‌ভূত, যা ব্যক্তিকে নির্দেশ করে। আমাদের এই অঞ্চলে একসময় ফারসির প্রভাব বেশি থাকায় মুসলমান শব্দটিই ছিল প্রধান। ৯/১১ এর পর খ্রিষ্টান মিডিয়া ও রাজনীতিতে ইসলাম শব্দটি একটি কেন্দ্রীয় আলোচনায় পরিণত হয়। সেখানে একজন ব্যক্তির চেয়ে তার ধর্মীয় আদর্শকে বিশ্লেষণ করার প্রবণতা বেশি ছিল। এর প্রভাবে মুসলিম বিশ্বেও আত্মরক্ষামূলক বা আদর্শিক কারণে ইসলাম শব্দটি বেশি ব্যবহার করে।	ব্রিটিশ ঔপনিবেশিক শাসনামলে ধর্মীয় পরিচয়কে একটি প্রাতিষ্ঠানিক ক্যাটাগরি হিসেবে দেখার প্রবণতা শুরু হয়। আগে যেখানে মুসলমান শব্দটি দিয়ে কেবল একদল মানুষকে বোঝানো হতো, সেখানে ব্রিটিশরা ইসলাম শব্দটিকে একটি সুনির্দিষ্ট সিস্টেম বা রিলিজিয়ন হিসেবে সংজ্ঞায়িত করতে শুরু করে। বিশেষ করে ১৮৮১ সালের আদমশুমারির পর থেকে ধর্মকে একটি স্বতন্ত্র রাজনৈতিক ও সামাজিক পরিচয় হিসেবে দেখার চল বাড়ে।
